[redacted]

[redacted]

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার উপস্থাপনায় উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারন কর্মকর্তা সোহেল রানা, উপজেলা জেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা প্রকৌশলী আরিফুদ্দৌলা, উপজেলা রিসোর্চ ইন্সটেক্টর জামাল হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, জনস্বাস্থ্য সহকারি হাসিবুজ্জামান, খাদ্য পরিদর্শক(ওসিএলএসডি) লিটন কুমার বিশ্বাস, মহিলা বিষয়ক কর্মকর্তা মাখছুরা জান্নাত, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, পাইলট বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, উপসহকারি মেডিকেল অফিসার ডা. মঞ্জুরুল হক বেলু, আলমডাঙ্গা ওজোপাডিকোর আবাসিক প্রকৌশলী শাহিনুর রহমান, উপসহকারি প্রকৌশলী রোকন উদ্দিন, আবু তৈয়ব, লাইনম্যান মাহমুব আলম, মেহেরপুর পল্লীবিদ্যুৎ সমিতির আলমডাঙ্গা জোনাল অফিসের ডিজিএম আবু হাসান, পিইউসি শাহাদৎ হোসেন,ইসি মশিউর রহমান প্রমুখ। আলোচনা সভা শেষে বঙ্গমাতার জন্মদিন উপলক্ষে সেলাই মেশিন বিতরণ করা হয়।

দামুড়হুদায় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী পালন

দামুড়হুদায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯৩ তম জন্মবার্ষিকী বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে উদযাপিত হয়েছে।

দিবসটি উদযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর প্রতিকৃতিত্বে পুষ্পস্তবক অর্পণ ও দোয়া মাহফিলের মধ্যদিয়ে দিবসের কর্মসূচী শুরু হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদ চত্বরে বঙ্গমাতার প্রতিকৃতিতে পর্যায়ক্রমে পুষ্পস্তবক অর্পণ করে দামুড়হুদা উপজেলা পরিষদ-প্রশাসন, উপজেলা বীর মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা আওয়ামীলীগ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দামুড়হুদা মডেল থানা, দর্শনা থানা,

আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ, দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, দামুড়হুদা প্রেসক্লাব, দর্শনা ফায়ার সার্ভিস সহ বিভিন্ন অঙ্গ সংগঠন। পুষ্পস্তবক অর্পণ শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা মসজিদের ইমাম আশরাফুল আলম।

পরে বেলা ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সজল কুমার দাসের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা, উপজেলা ইন্জিনিয়ার আব্দুর রশিদ, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক, উপজেলা শিক্ষা কর্মকর্তা আবু হাসান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান ববি, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, আঃলীগ নেতা আবুল হাশেম, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ।

আলোচনা সভা শেষে উপজেলার ৭জন আসহায় নারীকে সেলাই মেশিন ও ৯জন কে আর্থিক সহায়তা প্রদান করা হয়। এরপর বাদ যোহর সুবিধা মতো সময়ে উপজেলার বিভিন্ন মসজিদ, ও বিভিন্ন ধর্মীয় উপসানলয়ে দোয়া ও বিশেষ প্রাথনা অনুষ্ঠিত হয়। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদ।

কোটচাঁদপুরে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী পালন

ঝিনাইদহের কোটচাঁদপুরে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে মঙ্গলবার (৮ আগষ্ট) সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের (৯৪)তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়।

অফির্সাস ক্লাব মিলনায়তনে উপজেলা নির্বাহী অফিসার উছেন মে’র সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি খাতুন, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, মডেল থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন,উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আব্দুর রশিদ, উপজেলা প্রকৌশল মিজানুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অশোক সরকার, কৃষি অফিসার রাজিবুল হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, প্রাণী সম্পদ কর্মকর্তা জিল্লুর রহমান, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান খান,দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, বলুহর ইউনিয়ন সাবেক চেয়ারম্যান আব্দুল মতিন, কোটচাঁদপুর রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক আব্দুল্লাহ বাশার, সহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা- কর্মচারীবৃন্দ,পরে বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব এর জন্ম বার্ষিকী উপলক্ষে প্রশিক্ষিত দুস্থ নারীদের মাঝে সেলাই মেশিন ও নগদ অর্থসহায়তা প্রদান এবং বঙ্গমাতা সংকটে সংগ্রামে নির্ভিক সহযাত্রী শীর্ষক আলোচনা সভা ও দোয়া করা হয়।

[redacted]

[redacted]

দামুড়হুদায় বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবের ৯২তম জন্ম বার্ষিকী পালিত

দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্দ্যেগে বঙ্গমাতা ফজিলাতুননেছা মুজিববের ৯২ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে। এ জন্মবার্ষিকী ও আলোচনা সভা উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের উদ্যোগে ফজিলাতুন্নেছার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

সোমবার বেলা ১১টার সময় উপজেলার হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।

এসময় তিনি বলেন বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামের প্রতিটি ধাপে বঙ্গবন্ধুর সহধর্মিনী হিসেবে নয়, একজন নীরব দক্ষ সংগঠক হিসেবে যিনি নিজেকে বিলিয়ে দিয়ে বাঙালির মুক্তি সংগ্রামে ভূমিকা রেখেছেন এবং বঙ্গবন্ধুকে হিমালয় সমআসনে অধিষ্ঠিত করেছেন তিনি বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব।

বাঙালির অধিকার আদায় ছাড়া শেখ মুজিবের কাছে প্রধানমন্ত্রীত্ব বা ক্ষমতার কোনো আকর্ষণ ছিলো না। বঙ্গমাতাও সেই আদর্শে নিজেকে ও নিজের সন্তানদের গড়ে তোলেন। সহধর্মিণী হিসেবে নয়, রাজনৈতিক সহকর্মী হিসেবে আজীবন প্রিয়তম স্বামী শেখ মুজিবুর রহমানের ছায়াসঙ্গী ছিলেন শেখ ফজিলাতুন্নেছা মুজিব।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

সভা শেষে গরীব-অসহায় ও দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ

করেন প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর।